

# 🗏 আল-কাদর | Al-Qadr | ٱلْقَدْر

আয়াতঃ ৯৭:৩

## **া** আরবি মূল আয়াত:

# لَيلَةُ القَدرِ خَيرٌ مِّن الفِ شَهرٍ ؟﴿ ٣٠﴾

#### 

'লাইলাতুল কদর' হাজার মাস অপেক্ষা উত্তম। — আল-বায়ান কাদরের রাত হাজার মাসের চেয়েও অধিক উত্তম, — তাইসিরুল মহিমান্বিত রাত হাজার মাস অপেক্ষা উত্তম। — মুজিবুর রহমান

The Night of Decree is better than a thousand months. — Sahih International

### ৩. লাইলাতুল কদর হাজার মাসের চেয়ে শ্রেষ্ঠ।(১)

(১) মুফাস্সিরগণ এর অর্থ করেছেন, এ রাতের সৎকাজ কদরের রাত নেই এমন হাজার মাসের সৎকাজের চেয়ে ভালো। [মুয়াসসার] এ শ্রেষ্ঠত্ব সম্পর্কে বিভিন্ন হাদীসেও বিস্তারিত বলা হয়েছে। হাদীসে এসেছে, রামাদান আগমনকালে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, "তোমাদের নিকট রামাদান আসন্ন। মুবারক মাস। আল্লাহ্ এর সাওম ফর্য করেছেন। এতে জান্নাতের দরজাসমূহ খোলা হয়ে থাকে এবং জাহান্নামের দরজাসমূহ বন্ধ করে দেয়া হয়। শয়তানগুলোকে বেঁধে রাখা হয়। এতে এমন এক রাত রয়েছে যা হাজার মাস থেকেও উত্তম। যে ব্যক্তি এ রাত্রির কল্যান থেকে বঞ্চিত হয়েছে। সে তো যাবতীয় কল্যান থেকে বঞ্চিত হলো।" [নাসায়ী: ৪/১২৯, মুসনাদে আহ্মাদ: ২/২৩০, ৪২৫]

অন্য হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যে কেউ ঈমান ও সওয়াবের আশায় লাইলাতুল কদর রাত্রিতে সালাত আদায় করতে দাঁড়াবে তার পূর্ববর্তী সমস্ত গোনাহ ক্ষমা করে দেয়া হবে।" [বুখারী: ১০৯১, মুসলিম: ৭৬০, আবু দাউদ: ১৩৭২, নাসায়ী: ৮/১১২, তিরমিয়ী: ৮০৮, মুসনাদে আহমাদঃ ২/৫২৯]

তাফসীরে জাকারিয়া

# ৩। মর্যাদাপূর্ণ রাত্রি হাজার মাস অপেক্ষা উত্তম। [1]

[1] অর্থাৎ, এক রাত্রির ইবাদত হাজার মাসের ইবাদত অপেক্ষা উত্তম। আর হাজার মাসে ৮৩ বছর ৪ মাস হয়। উম্মতে মুহাম্মাদিয়ার উপর কত বড় আল্লাহর অনুগ্রহ যে, তিনি তাকে তার সংক্ষিপ্ত আয়ুষ্কালে অধিকাধিক সওয়াব অর্জন করার সহজ পস্থা দান করেছেন।



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=6128

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন